# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 06.08.2024 Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) বাংলাদেশের পরিস্থিতি নিয়ে আজ সর্বদলীয় বৈঠক করার পর বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর সংসদের উভয় সভায় এনিয়ে বিবৃতি দিয়েছেন।
তিনি বলেছেন, ঢাকার কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে চলেছে ভারত সরকার।

২) বাংলাদেশের অশান্ত পরিস্থিতির প্রেক্ষিতে সীমান্তে কড়া নজর রেখেছে বি এস এফ। বাহিনীর ডিজি আজ পেট্রাপোল স্থলবন্দরের পরিস্থিতি ঘুরে দেখেন।

৩) রাজ্য পুলিশের মহিলা কনস্টেবলরা এখন থেকে চাকরিতে যোগদানের ১০ বছর পরই নিজের জেলায় পোস্টিং পেতে পারবেন।

৪) যোগ্যশ্রী প্রকল্পের আওতায় এবার সিভিল সার্ভিসের প্রশিক্ষণ দেবে রাজ্য সরকার।

৫) সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে ১২-ই আগস্ট পর্যন্ত উত্তরবঙ্গের বেশিরভাগ জায়গায় বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooooooooooo

বাংলাদেশের পরিস্থিতি নিয়ে আজ সর্বদলীয় বৈঠক করার পর বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর সংসদের উভয় সভায় এনিয়ে বিবৃতি দেন। রাজ্যসভায় বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাবলীর উল্লেখ করে তিনি বলেন, সেদেশে সংখ্যালঘু, তাদের ব্যবসা-বাণিজ্য এবং মন্দিরে হামলার ঘটনায় ভারত গভীরভাবে উদ্বিগ্ন। তবে, ভারত সরকার ঢাকার কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে চলেছে। বাংলাদেশে ভারতীয় প্রতিষ্ঠানগুলির এবং সংখ্যালঘুদের প্রয়োজনীয় নিরাপত্তা সুনিশ্চিত করা হবে বলে নতুন দিল্লি আশা করে।

(বাইট – জয়শঙ্কর)

বিদেশমন্ত্রী জানান, বর্তমানে প্রায় ১৯ হাজার ভারতীয় নাগরিক বাংলাদেশে আছেন। তাদের মধ্যে ৯ হাজার পড়ুয়া। বেশিরভাগ ছাত্র-ছাত্রী ঢাকায় ভারতীয় হাইকমিশনের পরামর্শ মেনে গত মাসেই দেশে ফিরে এসেছে।

ডক্টর জয়শঙ্কর বলেন, গতকাল প্রধানমন্ত্রী পদে ইস্তফা দেওয়ার পর শেখ হাসিনা তাৎক্ষণিকভাবে ভারতে আসার অনুমতি চেয়ে অনুরোধ জানান এবং সন্ধ্যায় দিল্লি পৌঁছন।

গুরুত্বপূর্ণ একটি প্রতিবেশী দেশের স্পর্শকাতর বিষয়ে সদস্যদের বোঝাপড়া ও সমর্থন চান বিদেশমন্ত্রী।

এদিকে, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের বেঁধে দেওয়া সময়সীমার মধ্যেই বাংলাদেশের জাতীয় সংসদ ভেঙে দেওয়া হয়েছে। আজ থেকে খুলেছে- সরকারী ও আধা সরকারী সমস্ত দফতর এবং শিক্ষা প্রতিষ্ঠান।

oooooooooooooooooooooooo

বাংলাদেশ সেনার শীর্ষস্তরে বড় ধরনের রদবদল করা হয়েছে। মেজর জেনারেল জিয়াউল এহেসান-কে তাঁর পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। লেফটেন্যান্ট জেনারেল এম সৈফুল ইসলামকে পাঠানো হয়েছে বিদেশমন্ত্রকে। রাষ্ট্রপতি মহম্মদ সাহাবুদ্দিন এবং তিন বাহিনীর প্রধানের মধ্যে বৈঠকে , বিএনপি-র চেয়ারপার্সেন বেগম খালেদাজিয়াকে গৃহবন্দী অবস্থা থেকে মুক্তি দেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত নেওয়া হয়।

oooooooooooooooooooooooo

বিজেপি নেতা দিলীপ ঘোষ বলেছেন, বাংলাদেশে হিন্দুদের ওপর অত্যাচার হলে এ দেশেও তার প্রভাব পড়তে পারে। আজ পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে দলীয় কর্মসূচীতে যোগ দিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি। বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি বলেন, বাংলাদেশে যখন ছাত্র আন্দোলন শুরু হয়েছিল, তখন এখানকার রাজনৈতিক দলগুলি তাকে সমর্থন করেছিল। কিন্ত এখন যখন হিন্দুদের উপর অত্যাচার হচ্ছে, তখন তারা চুপ করে আছে। এই অত্যাচার বন্ধ হওয়া দরকার। বিষয়টির উপর তাঁরা নজর রাখছেন।

(বাইট – দিলীপ)

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, তাঁরা স্থিতিশীল বাংলাদেশ চান। সেদেশে শান্তি এবং গণতান্ত্রিক ব্যবস্থা ভারতের স্বার্থেও জরুরী।

(বাইট – সেলিম)

oooooooooooooooooooooo

বাংলাদেশের অশান্ত পরিস্থিতির দরুণ ভারত-বাংলাদেশ সীমান্তে হাই অ্যালার্ট জারি করেছে বিএসএফ। কড়া নজরদারি চলছে মালদার ভারত-

বাংলাদেশ সীমান্ত এলাকায়। মহদিপুর স্থলবন্দরে আমদানি-রপ্তানী বাণিজ্যে জোর ধাক্কা লেগেছে। সোমবার দুপুরের পর থেকে এখনও পর্যন্ত দু-দেশের মধ্যে বন্ধ রয়েছে পণ্যবাহী লরি চলাচল। তবে ইমিগ্রেশন চেকপোস্ট চালু রয়েছে। যদিও মানুষজনের আনাগোনা কম। বেশকিছু ভারতীয় লরি চালক বাংলাদেশে আটকে রয়েছেন বলে খবর। তাদের দেশে ফিরিয়ে আনার তোড়জোর চলছে। সেই সঙ্গে দ্রুত আমদানি-রপ্তানি বাণিজ্য চালু করারও উদ্যোগ নেওয়া হচ্ছে। এই বাণিজ্য বন্ধ থাকায় প্রতিদিন ক্ষতি হচ্ছে ১৫-১৬ কোটি টাকা বৈদেশিক মুদ্রার। এছাড়া দেড় থেকে দুকোটি টাকার শুল্ক আদায় মার খাচ্ছে বলে মহদিপুর স্থলবন্দরের কাস্টমস আধিকারিক দেশদুলাল চট্টোপাধ্যায় জানিয়েছেন।

এদিকে, মহদিপুর স্থল বন্দরের জিরো পয়েন্ট থেকে কিছুটা দূরে বুলডোজার দিয়ে ভাঙা হল বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের মূর্তি।

অন্যদিকে কোচবিহারের চ্যাংড়াবান্ধা সীমান্ত সকাল থেকে অনেকটাই স্বাভাবিক। ব্যবসা-বাণিজ্য শুরু হয়েছে। বাংলাদেশ থেকে আসতে শুরু করেছে মালবাহী লরি। তবে ভারতের বেশকিছু লরি এখনো বাংলাদেশে আটকে রয়েছে। গতকাল ১৯০ জন লরিচালক ভারতে ফিরেছিলেন। তারা ফের বাংলাদেশে গিয়ে যাতে লরিগুলোকে নিয়ে আসতে পারেন, সেই প্রক্রিয়া চলছে। সীমান্ত দিয়ে সাধারণ মানুষের যাতায়াত শুরু হয়েছে তবে সংখ্যায় খুবই কম।

শিলিগুড়ি সংলগ্ন ফুলবাড়ি সীমান্তে দুই বাংলার সাধারণ মানুষ এবং পন্যবাহী ট্রাকের যাতায়াত এদিন ছিল অনেকটাই কম। থমথমে পরিবেশ। বেশিরভাগ দোকানপাট বন্ধ। তবে আতঙ্কের মধ্যেই পরিবারের টানে বাংলাদেশে ফিরছেন অনেকেই।

oooooooooooooooooooooooo

বাংলাদেশে উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে বিএসএফ-এর ডিজি দলজিৎ সিং চৌধুরী আজ উত্তর ২৪ পরগণায় ভারত বাংলাদেশ সীমান্তের পেট্রাপোল স্থলবন্দরে আসেন। এক ঘন্টারও বেশি তিনি বিএসএফ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। এরপর তাঁদের সঙ্গে নিয়ে ডিজি বাংলাদেশের বেনাপোল ও ভারতের পেট্রাপোলের মধ্যবর্তী জিরো পয়েন্ট পরিদর্শন করেন। কথা বলেন, ইমিগ্রেশন সেন্টারের আধিকারিকদের সঙ্গে।

এদিকে, শেখ হাসিনা প্রধানমন্ত্রী পদে ইস্তফা দিয়ে বাংলাদেশ ছাড়ার পরেও অশান্তি বন্ধ হয়নি।

বেনাপোল - পেট্রাপোল সীমান্ত দিয়ে আজ বাংলাদেশ থেকে পালিয়ে ভারতে আসেন আওয়ামী লীগ কর্মী বিশ্বজিৎ সাহা। তাঁর চোখে মুখে ছিল আতঙ্ক। তিনি জানালেন, গুলি চলছে না। কিন্ত লুটপাট, ভাঙচুর, অগ্নি সংযোগ চলছে।

বাইট

ooooooooooooooooooo

এদিকে, চ্যাংড়াবান্ধা সীমান্তে আজ বিএসএফের হাতে আটক হন এক দম্পতি। তাদের কাছে পাওয়া যায় জাল ভারতীয় আধার কার্ড ও প্যান কার্ড। জানা গেছে, বাংলাদেশের রংপুরের বাসিন্দা, এনামুল হক সোহেল, স্ত্রী ও সন্তানকে নিয়ে চ্যাংড়াবান্ধা সীমান্ত দিয়ে ভারতে এসেছিলেন চিকিৎসা করাতে। তাদের লাগেজ পরীক্ষা করার সময় ঐ জাল নথি পেয়ে বিএসএফ তাদের বাংলাদেশে ফেরত পাঠিয়ে দেয়। এনামুল জানিয়েছেন, চিকিৎসার সুবিধার জন্য ২০২০ সালে উত্তর প্রদেশ থেকে এই জাল আধার ও প্যান কার্ড বানিয়েছিলেন তিনি। ইতমধ্যেই তাঁর ভিসা বাতিল করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে অনুপ্রবেশ বন্ধ করতে উপকূল রক্ষী বাহিনী, সুন্দরবনের সবকটি উপকূল থানা এলাকায় জলপথে নজরদারি বৃদ্ধি করেছে। দুই চব্বিশ পরগনায় ইতিমধ্যেই হোভারক্রাফট থেকে নজরদারি চালানো হচ্ছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। গভীর সমুদ্রে মাছ ধরতে যাওয়া মৎস্যজীবীদের পরিচয়পত্র পরীক্ষা করে দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে রাজ্য সরকার কলকাতায় বাংলাদেশ উপ দূতাবাসের নিরাপত্তা বৃদ্ধি করেছে। নিয়মিত কর্মী ছাড়াও আজ সকাল থেকে কলকাতা পুলিশের একজন সহকারী কমিশনারকে সেখানকার নিরাপত্তার দায়িত্বে রাখা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশে কর্মরত মহিলা কনস্টেবলরা এখন থেকে চাকরিতে যোগদানের ১০ বছর পরেই নিজের জেলায় পোস্টিং পেতে পারবেন। পাশাপাশি বিবাহিত বা সন্তানসম্ভবা মহিলা কনস্টেবলরা যাতে পছন্দসই জায়গায় বদলি হতে পারেন, সেদিকেও বিশেষ গুরুত্ব দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জেলায় জেলায় পুলিশ বাহিনীর সমবন্টন নিশ্চিত করতেই এই উদ্যোগ বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

রাজ্যে পুলিশ কমিশনারেটগুলিতে মহিলা পুলিশ কর্মীর সংখ্যা যেখানে ৩০ শতাংশের কাছাকাছি, সেখানে গ্রামীণ এলাকায় এই হার প্রায় ১৫ শতাংশ। তাই গ্রামীণ এলাকায় মহিলা কর্মীর সংখ্যা বাড়াতে তৎপর হয়েছে রাজ্য সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

যোগ্যশ্রী প্রকল্পের আওতায় এবার সিভিল সার্ভিসের প্রশিক্ষন শুরু করবে রাজ্য সরকার। জেলায় জেলায় প্রশিক্ষণ কেন্দ্র থেকে তাঁদের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশাসনিক পদে রাজ্যের মেয়েদের কাজের সুযোগ বাড়াতেই এই উদ্যোগ। রাজ্য সরকারের সিভিল সার্ভিস প্রশিক্ষণ কেন্দ্র সত্যেন্দ্রনাথ টেগোর সিভিল সার্ভিস স্টাডি সেন্টারের পড়ুয়ারা গত বছরের ইউপিএসসি পরীক্ষায় ব্যাপক সাফল্য পেয়েছে। সেই সাফল্য থেকে উৎসাহিত হয়েই এই পরিকল্পনা নেওয়া হয়েছে বলে সরকারি সূত্রে জানা গেছে। সত্যেন্দ্রনাথ টেগোর সিভিল সার্ভিস স্টাডি সেন্টারের শিক্ষক অধিকাংশই প্রাক্তন শীর্ষ আমলা। এরাই জেলাতে পড়ুয়াদের সিভিল সার্ভিস পরীক্ষার প্রশিক্ষন দেবেন। শিক্ষক তালিকায় থাকবেন জেলা শাসক পুলিশ সুপারের মত পদস্থ আধিকারিকরাও। এই পরিকল্পনা রূপায়িত হলে ছেলে মেয়েদের সিভিল সার্ভিস পরীক্ষার প্রশিক্ষণ নিতে কলকাতায় ছুটে আসতে হবে না।

oooooooooooooooooooooo

বিশেষজ্ঞ কমিটির চেয়ারম্যানের সুপারিশের ভিত্তিতে সব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে একাদশ শ্রেনীর ছাত্র ছাত্রীদের স্বামী বিবেকানন্দর কল টু দ্য নেশন, পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। ছাত্র ছাত্রীদের বইটি বিনামূল্যে সরবরাহ করা হবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তরফে জানানো হয়েছে।

তবে, এর ওপর কোন পরীক্ষা নেওয়া হবে না। এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে প্রধান শিক্ষক শিক্ষিকাদের সংগঠন অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টার্স অ্যান্ড হেডমিস্ট্রেসেস ।

অন্যদিকে, শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, একাদশ শ্রেণীর সিলেবাস বিশেষ করে বাংলা ও ইংরেজী পাঠ্যসূচীর বোঝা নিয়ে যখন সমালোচনা হচ্ছে, তখন এধরনের সিদ্ধান্ত সম্পূর্ণ অবাস্তব।

অল পোস্ট গ্র্যাজুয়েট টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সম্পাদক চন্দন গড়াই বলেছেন, মূল্যায়নের মধ্যে এটি রাখা উচিত ছিল। তা না হলে ছাত্র-ছাত্রীদের কাছে এই পাঠের কোন গুরুত্ব থাকবে না।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেন, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ বিবেকানন্দের "Call to the Nation" নামক যে পুস্তিকাটি মূল্যায়ন বিহীন পাঠ উপকরণ হিসাবে সংযোজিত করেছেন তা খুবই প্রাসঙ্গিক।

oooooooooooooooooooooo

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রয়োজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

oooooooooooooooooooooo

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও লাগোয়া বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত ও মৌসুমী অক্ষরেখার পাশাপাশি হিমালয় সন্নিহিত অঞ্চলে সক্রিয় দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে ১২-ই আগস্ট পর্যন্ত উত্তরবঙ্গের বেশিরভাগ জায়গায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।  ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা থাকছে

দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলায়। ভারী বৃষ্টি হতে পারে কোচবিহার, কালিম্পং, উত্তর দিনাজপুর এবং মালদা জেলার দু-এক জায়গায়।

দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলায় আজ ও আগামীকাল হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। দক্ষিণ ২৪ পরগণা, দুই মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম, বীরভূম ও পশ্চিম বর্ধমান জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা।

আগামীকাল বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে বীরভূম, মুর্শিদাবাদ, দুই বর্ধমান, হুগলী ও নদীয়া জেলার দু-এক জায়গায়।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo